20 Rs.

TWENTY RUPEES

INDIA

DUPLICATE

দান পত্র , পার্টিশান ও বন্টোবস্ত পত্র

প্রথমপক্ষ - - - শ্রী দিলীপ কুমার কুণ্ডু ।
পিতা ঁবিজয় কৃষ্ণ কুণ্ডু ।
জাতি হিন্দু, পেশা চাকুরী
সাং ৫৬৮ নং দমদম পার্ক, লেকটাউন
কলিকাতা ৫৫ ।

দ্বিতীয়পক্ষ - - - শ্রী প্রদীপ কুমার কুণ্ডু ।
পিতা ঁবিজয়কৃষ্ণ কুণ্ডু ।
জাতি হিন্দু, পেশা চাকুরী
সাং ৫৬৮ নংদমদম পার্ক, থানা লেকটাউন
কলিকাতা ৭০০০৫৪ ।

তৃতীয়পক্ষ - - -

02 SEP 1993

No. 125 Value 20/-

Signature of Stamp Vendor
SRI PRASANTA CHATTERJEE
GOVT. LICENSED STAMP VENDOR
SEALDAH COURT

Prasanta Chatterjee

02 SEP 1993

Dilip Kumar Kundu

6/9/93



8374

Dilip Kumar Kundu

A. Rani Talukdar
W/o Niranjan ... Talukdar
730/11, Shyam ... Rd
Cal-700055



8375

Pradip Kumar Kundu.



8376

Bidyut Kumar Kundu

6/9/93

তৃতীয়পক্ষ – – – শ্রী বিদ্যুৎ কুমার কুণ্ডু
পিতা ৺বিজয়কৃষ্ণ কুণ্ডু
জাতি হিন্দু, পেশা চাকুরী
সাং ৫৮৬ নং দমদম পার্ক,
থানা লেকটাউন, কলিকাতা
৭০০০৫৫ ।

চতুর্থপক্ষ – – – শ্রীমতী মহামায়া কুণ্ডু
স্বামী ৺বিজয় কৃষ্ণ কুণ্ডু
জাতি হিন্দু, পেশা গৃহস্থালী

পঞ্চম পক্ষ – – –

Dilip Kumar Kundu
Pradip Kumar Kundu
Bidyut Kumar Kundu
Rani Talpadar



পঞ্চম পক্ষ — — — — শ্রীমতী রাণী তল্পাদার :
স্বামী শ্রী নারায়ন চন্দ্র তল্পাদার
জাতি হিন্দু, পেশা গৃহস্থালী
সাং ৪৯০।১১, শ্যামনগর রোড
থানা —
কলিকাতা ৭০০০৫৫ ।

ষষ্ঠ পক্ষ — — — শ্রীমতী বাণী দে
স্বামী শ্রী সমীর দে
জাতি হিন্দু, পেশা গৃহস্থালী
সাং রবীন্দ্রনগর, থানা ক্যান্টনমেন্ট
কলিকাতা ৭০০০৬৫ ।

ক্রমশ — — —

Dilip Kumar Kundu
Pradip Kumar Kundu
Bidyut Kumar Kundu
Rani Talpadar



কস্য শুভ দানপত্র ও বন্টননামা পত্রমিদং কার্য্যঞ্চাগে – চতুর্থপক্ষ আমার স্বামী ও ১ম, ২য়, ৩য়, ৫ম, ৬ষ্ঠ পক্ষগনের পিতা ঁ বিজয় কৃষ্ণ কুণ্ডু মহাশয় এবং আমি মহামায়া কুণ্ডু জেলা ২৪ পরগনা, থানা সাবেক দমদম হাল লেকটাউন

এলেকাধীন – – –

Dilip Kumar Kundu
Pradip Kumar Kundu
Biddyut Kumar Kundu
Rani Tapadar



লেকটাউন এলেকাধীন সাবেক কালীপুর দমদম হাল এ, ডি, এস,
আর, বিধান নগর সাবরেজেস্ট্রী এলাকাধীন সাউথ দমদম
মিউনিসিপ্যালিটির অন্তর্গত মৌজা সাবেক কৃষ্ণপুর পরে শ্যামনগর ,

জে এল নং ১৭ ,

Dilip Kumar Kundu
Pradip Kumar Kundu
Bidyut Kumar Kundu
Rani Tapadar



জে এল নং ১৭, দাগ নং ২৩৯২ , প্লট নং ৫৬৮ ভুক্ত /৩ তিনকাঠা বাস্তু জমি কৃষ্ণপুর রিফিউজি কো অপারেটিভ কলোনী লিমিটেড এর সভ্য হিসাবে নির্দ্ধারিত সম্পত্তি ভোগ দখল করিতে থাকা অবস্থায় কো - অপারেটিভের অধীনে মিউনিসিপ্যালিটি হইতে প্ল্যান মঞ্জুর করাইয়া গৃহাদি নির্মান পূর্বক ভোগ দখল করিতে থাকি । পরে

পরে উক্ত কো - অপারেটিভ সোসাইটি লিমিটেডে সভ্যগণ তাহাদের দেয় সমস্ত বাকি বকেয়া কো -অপারেটিভ সোসাইটি লিমিটেডকে প্রদান করিলে উক্ত কো অপারেটিভ সোসাইটি লিঃ পশ্চিমবঙ্গ সরকারকে তাহাদের প্রাপ্য টাকা প্রদান করিলে পশ্চিমবঙ্গ সরকার তাহার সমস্ত বাকী বকেয়া প্রাপ্তি স্বীকার করিয়া উক্তকৃষ্ণপুর রিফিউজি কো- অপারেটিভ কলোনী সোসাইটি নামে গত ইং ২৭।১১।৭৫ তারিখে কাশীপুর দমদম সাবরেজেস্ট্রী অফিসে বুক নং ১, ভলুম নং ১৭৫ পৃঃ ১৯৩ হইতে ২০০, বিয়িং নং ৯৮১১ রেজেস্ট্রীকৃত বিক্রয় কোবালা দলিল মূলে নিম্ন।ক। তপশীল বর্ণিত সম্পত্তি সহ অন্যান্য সম্পত্তি উক্ত কো - অপারেটিভ কলোনী সোসাইটিকে দান বিক্রয় বন্ধকাদি করিবার সর্বপ্রকার হস্তান্তরের ক্ষমতা প্রদানে বিক্রয় করিয়া চিরনিঃস্বত্ব হইলে উক্ত দলিল বলে উক্ত কৃষ্ণপুর রিফিউজি কো অপারেটিভ কলোনী সোইটি ষোল আনা নিব্যূঢ় স্বত্ত্বে মালিক দখলিকার হইয়া তাহাদের সভ্যগনকে তাহাদের নির্দিষ্ট প্লট অনুযায়ী বিক্রয় করিবার উদ্দেশ্যে প্রস্তাব গ্রহন করিয়া বিভিন্ন সভ্যগনকে বিভিন্ন দলিল মূলে বিক্রয় করিয়া চিরনিঃস্বত্ব হইতে থাকা অবস্থায় ১৯৭৬ সালে ১৭।৫।১৯৭৬ তারিখে কাশীপুর দমদম সাবরেজেস্ট্রী অফিসের বুক নং ১, ভলুম নং ৪৬ পৃঃ ২৮৬ হইতে ২৮৯, বিয়িং নং ৩৩১৭ প্ল্যান যুক্ত রেজেস্ট্রী কোবালা মূলে ৫৬৮ নং প্লট উক্ত তিনকাঠা বাস্তু জমি সায় সভ্যগনের দ্বারা নির্মিত গৃহাদির তলস্থ জমি বিজয় কৃষ্ণ কুণ্ডু ও শ্রীমতি মহামায়া কুণ্ডু দিগকে বিক্রয় করিয়া চিরনিঃস্বত্ব হইলে উক্ত খরিদা দলিল বলে উক্ত বিজয় কৃষ্ণ কুণ্ডু ও মহামায়া কুণ্ডু প্রত্যেকে একত্রে এজমালে অবিভক্ত অর্দ্ধাংশের মালিক দখলিকার হইয়া মিউনিসিপ্যালিটিতে

Dilip Kumar Kundu
Pradip Kumar Kundu
Bidyut Kumar Kundu
Rani Tapadar

মিউনিসিপ্যালিটিতে তাহাদের নাম এজমালে পত্তন পূর্ব্বক নির্বিবাদে নিজেদের সংসার লইয়া বসবাস করিতে থাকা অবস্থায় উক্ত বিজয়কৃষ্ণ কুণ্ডু মহাশয় গত ১৭/৮/৭২ ইংরাজী তারিখে কোন উইলাদি সম্পাদন না করিয়া পরলোক গমন করিলে তাহার ত্যক্ত অবিভক্ত অর্দ্ধাংশ সম্পত্তিতে তাহার পত্নী স্বরূপে মহামায়া কুণ্ডু মহাশয়া এবং তিন পুত্র যথাক্রমে দিলীপ কুমার কুণ্ডু, প্রদীপ কুমার কুণ্ডু, বিদ্যুৎ কুমার কুণ্ডু এবং দুই কন্যা রাণী তপাদার এবং শ্রীমতি বাণী দে প্রত্যেকে অবিভক্ত $\frac{১}{১২}$ অংশে অর্থাৎ ॥ অবিভক্ত অর্দ্ধাংশের মধ্যে প্রত্যেকে অবিভক্ত $\frac{১}{৬}$ অংশ ॥ মালিক দখলিকার হইয়া এজমালে ভোগ দখল করিতেছি এবং যথাযথ স্থানে ট্যাক্সাদি প্রদান করিতেছি. তম্মধ্যে শ্রীমতি রাণী তপাদার ও বাণী দে তাহারা উত্তরাধিকার সূত্রে মালিক হইলেও তাহারা এই সম্পত্তিতে কোন রকম অংশ না লইবার বাসনা লইয়া তাহাদের পতিগৃহে স্বামী পুত্র, কন্যাগনকে লইয়াপরমানন্দে বসবাস করিতেছে এবং নিম্ন ।ক। তপশীল বর্ণিত সম্পত্তিতে তাহাদের মাতা এবং ৩ তিন ভ্রাতা তাহাদের নিজ নিজ সংসার লইয়া পরমানন্দে বসবাস করিতেছে ।

আমরা প্রথম , দ্বিতীয় এবং তৃতীয় পক্ষ আমাদের পিতা বিজয় কৃষ্ণ কুণ্ডু মহাশয়ের জীবিত কাল হইতে তাহার প্রতি ও আমাদের মাতাঠাকুরাণী মহামায়া কুণ্ডুর প্রতি পুত্রের কর্ত্তব্য করিতাম এবং তাহাদের সেবা শুশ্রূষা চিকিৎসাদির ব্যবস্থা যত্ন করিতাম এবং ভরণ পোষণের ব্যবস্থাও করিতাম এবং আমাদের পিতার মৃত্যুর পর আমাদের মাতাঠাকুরাণী আমাদের উপর সম্পূর্ন রূপে নির্ভরশীলহওয়ার কারণ তাহার ভরণ পোষণের সেবা শুশ্রূষা এবং চিকিৎসাদির ব্যবস্থা করিয়া আসিতেছি । ৪র্থ পক্ষ আমি মহামায়া

Dilip Kumar Kundu
Pradip Kumar Kundu
Bidyut Kumar Kundu
Rani Tafadar

মহামায়া কুণ্ডু আমার পুত্রগনের কর্তব্য জাজ এবং সেবা শুশ্রূষায় ভক্তি শ্রদ্ধায় পরম পরিতোষ লাভ করিয়াছি এবং আশা করি উক্ত পুত্রগন ভবিষ্যতে তাহাদের কর্তব্য সম্পাদন করিবে ।

পঞ্চম পক্ষ শ্রীমতি রাণী তফাদার এবং ষষ্ঠ পক্ষ শ্রীমতি বাণী দে আমরা প্রথম , দ্বিতীয় এবং তৃতীয় পক্ষের ভগ্নী স্বরূপে স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে – আমরা আমাদের ভ্রাতাগনের কর্তব্য জ্ঞান সম্বন্ধে কোন কিছু বলিবার অপেক্ষায় নাই । তাহারা আমাদের পিতার অবর্তমানে ও পিতার বর্ত্তমানে আমাদের বিবাহে এবং আমাদের নিজস্ব বাসস্থান নির্মানে তাহাদের সামর্থ অনুযায়ী সাহায্য করিয়াছে এবং আমরাও তাহাদের সাহায্যে ভক্তি শ্রদ্ধায় ও স্নেহ মমতায় পরম পরিতোষ লাভ করিয়াছি ।

এক্ষনে উক্ত ও নিম্ন ।ক। তপশীল বর্ণিত সম্পত্তি লইয়া যাহাতে ভবিষ্যতে আইনগত প্রশ্নের জটিলতা সৃষ্টি না হয় এবং মাতা ও কন্যার মধ্যে মধুর সম্পর্ক ও মাতার পুত্রের মধ্যে মধুর সম্পর্ক এবং ভ্রাতা ভগ্নীগনের মধ্যে মধুর সম্পর্ক ছিন্ন না হয় তজ্জন্য পক্ষগন আমরা নিজেদের মধ্যে আলাপ আলোচনা করিয়া আমাদের মধ্যে স্থির করি যে – পঞ্চম এবং ষষ্ঠ পক্ষগন তাহাদের উত্তরাধিকারী সূত্রে প্রাপ্ত অর্দ্ধাংশের মধ্যে অবিভক্ত $\frac{১}{৬}$ অংশ অর্থাৎ প্রত্যেকের $\frac{১}{১২}$ করিয়া অংশ তাহাদের তিন ভ্রাতা অর্থাৎ ১মপক্ষ, ২য়পক্ষ এবং ৩য় পক্ষকে স্নেহ মমতা [illegible] মূল্য স্বরূপ প্রত্যেকের অংশ ২৫০০ আড়াই হাজার টাকা মূল্য ধরিয়া একুনে ৫০০০ পাঁচ হাজার টাকা

এবং চতুর্থপক্ষ শ্রীমতি মহামায়া কুণ্ডু তাহার [illegible] নামে অবিভক্ত অর্দ্ধাংশ এবং উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত অর্দ্ধাংশের মধ্যে $\frac{১}{৬}$ অংশের মধ্যে একজনে

Dilip Kumar Kundu
Pradip Kumar Kundu
Bidyut Kumar Kundu
Rumi Tapadar

একতলে একটি ঘর, ২য়তলে একটিঘর নিজ অধিকারে জীবনস্বত্ব স্বরুপে রাখিয়া স্নেহ, মমতা ও ভালবাসা মূল্য স্বরুপ ২৫০০০্ পঁচিশ হাজার টাকা ধার্য্য করিয়া একুনে সর্বব মোট ২৫,০০০্ + ৫০০০্ = ৩০,০০০্ ত্রিশ হাজার টাকা ধার্য্য করিয়া সম্পূর্ন নির্দায় এবং নির্দোষ অবস্থায় ১মপক্ষ, ২য় পক্ষ এবং৩য় পক্ষকে দান, বিক্রয় বন্ধকাদির ক্ষমতা যুক্তে দান করিয়া চিরনিঃস্বত্ব হইলে উক্ত ১ম পক্ষ ও ২য় পক্ষ উক্ত দানপত্র দলিলবলে দান গ্রহন করিয়া তাহাদের উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সম্পত্তির সহিত একত্রিত করিয়া মালিক দখলিকার হইয়াছি এবং চতুর্থপক্ষ মাতাঠাকুরানীর সহিত একত্রে এজমালে নিম্ন ।ক। তপশীল বর্ণিত সম্পত্তি ভোগ দখল করিতেছি ।

একনে উক্ত সম্পত্তির উপর ৫ম এবং ৬ষ্ঠ পক্ষ শ্রীমতী রাণী তপাদার ও শ্রীমতী রাণী দে তাহাদের নিজেদের এবং স্বামী পুত্র, পৌত্রাদি ওয়ারিশান-গণ ক্রমে কোন প্রকার দাবী দাওয়া স্বত্ব, স্বামিত্ব রহিল না এবং কখনও দাবী করিলেও তাহা সর্ববদা সর্বাদালতে বাতিল ও নামঞ্জুর হইবে ।

প্রকাশ রহিল যে – চতুর্থপক্ষ শ্রীমতি মহামায়া কুণ্ডু । মাতা ঠাকুরানী । মহাশয়ার ভরণ পোষণ, দেখাশুনা, সেবা শুশ্রুষা পরিচর্য্যা করিবার অঙ্গিকারাবদ্ধে ১ম, ২য় এবং ৩য় পক্ষ আমাদের মাতা ঠাকুরানী আমাদের নামে তাহার স্বত্ব দখলি সম্পত্তির মধ্য হইতে দ্বিতলেএকটী ঘর, একতলে একটি ঘর জীবন স্বত্ব স্বরুপে ভোগ দখলে রাখিয়া ১মপক্ষ, ২য়পক্ষ এবং ৩য় পক্ষকে সম্পূর্ন নির্দায় ও নির্দোষ অবস্থায় দান করেন এবং আমরাও পক্ষগন আমাদের সামর্থ অনুযায়ী ঋণ লইয়া বা ধার কর্জ্জা করিয়া পরিবর্তন পরিবর্দ্ধন সংস্কার করিয়া আমাদের নিজ নিজ অংশে বসবাস করিতে পারিব

Dilip Kumar Kundu
Pradip Kumar Kundu
Bidyut Kumar Kundu
Rani Tapadar

এবং প্রতিশ্রুতি পালন করিতে বাধ্য থাকিব।

এক্ষণে ১ম, ২য় ও ৩য় পক্ষগন আমাদের এবং ৪র্থ পক্ষ আমাদের মাতা ঠাকুরানীকে লইয়া একত্রে এজমালে ভোগ দখল করিবার অসুবিধা হেতু বা ১ম, ২য়, ৩য়পক্ষ আমরা আমাদের চাকুরী স্থল হইতে নানা রকম সুবিধা পাইবার হেতু আমাদের মাতাঠাকুরানীর সম্মতি ক্রমে নিম্ন ।ক। তপশীল বর্ণিত সম্পত্তি ।খ।, ।গ।, ।ঘ।, ।ঙ।, ।চ। তপশীল অনুযায়ী আপোষে ত্রিভাগ বন্টন করিয়া লইলাম।

১। অতঃপর ১ম, ৩য় এবং ৪র্থ পক্ষগন আমরা নিম্ন ।ক। তপশীল সম্পত্তির মধ্যে ।খ। তপশীল লট '' এ '' ভুক্ত সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব লভ্য সংশ্রব হকিয়ৎ ছিল বা আছে, তাহা অদ্য তারিখ হইতে বিলোপ হইল এবং ২য়পক্ষ অদ্য তারিখ হইতে সম্পূর্ন নির্দায় এবং নির্দ্দোষ অবস্থায় উক্ত ।ক। তপশীল বর্ণিত সম্পত্তির উপর নির্মিত দ্বিতল গৃহাদির একতল সম্পূর্ন রূপে মায়ের অংশে নির্দ্ধারিত একটি ঘর বাদে ষোল আনা নিব্যূঢ় স্বত্বে মালিক দখলিকার হইয়া নিজ সংসার লইয়া বসবাস গৃহাদি সংস্কার সংরক্ষণ পরিবর্দ্ধন পরিবর্ত্তন ভাড়াটিয়া পত্তন, ভাড়া আদায় ভাড়াটিয়া উচ্ছেদ করিবার ক্ষমতা যুক্তে দান, বিক্রয় কবলাদি সর্ব্ব - প্রকারের ক্ষমতাযুক্তে পরম সুখে নিজ পুত্র, পৌত্রাদি ওয়ারিশানগন ক্রমে ভোগ দখল করিবে এবং এই বন্টননামা দলিল অনুযায়ী পৃথক ভাবে মিউনিসি - প্যালিটিতে তাহার নাম পত্তনপূর্ব্বক তাহার অংশ অনুযায়ী ট্যাক্সাদি প্রদান করিবে।

Dilip Kumar Kundu
Pradip Kumar Kundu
Bidyut Kumar Kundu
Rami Tapadar

২। ১ম, ২য় এবং ৪র্থ পক্ষগন আমরা নিম্ন ।ক। তপশীল বর্ণিত সম্পত্তির মধ্যে নিম্ন ।গ। তপশীল বর্ণিত লট ।বি। ভুক্ত সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব লভ্য সংশ্লব হক হকিয়ৎ ছিল তাহা অদ্য তারিখ হইতে বিলোপ সাধন হইল এবং ৩য়পক্ষ অদ্য তারিখ হইতে নিম্ন ।গ। তপশীল বর্ণিত সম্পত্তির মধ্যে মায়ের জন্য নির্দিষ্ট দ্বিতলে একটি ঘর বাদে জমি সাথ গৃহাদিতে ষোল আনা নিব্যূঢ় স্বত্বে মালিক দখলিকার হইয়া নিজ সংসার লইয়া বসবাস গৃহাদির সংস্কার, সংরক্ষণ পরিবর্তন পরিবর্দ্ধন ভাড়াটিয়া পত্তন ভাড়া আদায় ভাড়াটিয়া উচ্ছেদ করিবার এবং দান, বিক্রয় বন্ধকাদি করিবার সর্বপ্রকার ক্ষমতা যুক্তে পরম সুখে নিজে পুত্র, পৌত্রাদি ওয়ারিশান স্থলাভিষিক্তগন ক্রমে ভোগ দখল করিবে এবং পৃথক ভাবে অংশ অনুযায়ী মিউনিসিপ্যালিটিতে নাম পত্তন পূর্বক ট্যাক্সাদি প্রদান করিবে ।

৩। ২য়, ৩য় এবং ৪র্থ পক্ষ আমরা নিম্ন ।ক। তপশীল বর্ণিত সম্পত্তির মধ্যে নিম্ন ।ঘ। তপশীল বর্ণিত লট ।সি। ভুক্ত সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব লভ্য সংশ্লব হক, হকিয়ৎ দাবী দাওয়া ছিল তাহা অদ্য তারিখ হইতে বিলোপ সাধন হইল এবং ১মপক্ষ আমি অদ্য তারিখ হইতে ।ঘ। তপশীল বর্ণিত সম্পত্তিতে সম্পূর্ণ নির্দায় এবং নির্দোষ অবস্থায় ষোল আনা রকমের মালিক দখলিকার হইয়া আমার প্রাপ্ত সম্পত্তির উপর গৃহাদি নির্মান করিবার উদ্দেশ্যে মিউনিসিপ্যালিটি হইতে প্ল্যান মঞ্জুর করাইয়া ব্যাঙ্ক হইতে ঋণ গ্রহন করিয়া গৃহাদি নির্মান পূর্বক সম্পূর্ন নির্দায় এবং নির্দোষ অবস্থায় বসবাস এবং দান, বিক্রয় বন্ধকাদি করিবার ক্ষমতা যুক্তে নিজ পুত্র পৌত্রাদি ওয়ারিশান ক্রমে ভোগ দখল করিবে এবং [illegible]

১৩

Dilip Kumar Kundu
Pradip Kumar Kundu
Bidyut Kumar Kundu
Rani Tapadar

তোমার প্রাপ্য অংশ অনুযায়ী মিউনিসিপ্যালিটিতে পৃথক ভাবে নিজ নাম পত্তন পূর্ব্বক অংশ অনুযায়ী ট্যাক্সাদি প্রদান করিবে এবং ব্যাঙ্ক হইতে ঋণ গ্রহনের জন্য প্রথম পক্ষ তাহার প্রাপ্য অংশ ব্যাঙ্কের নিকট বন্ধক রাখিতে পারিবে ।

৪। ১ম, ২য় , ৩য় পক্ষ আমরা নিম্ন ।ক। তপশীল সম্পত্তির মধ্যে ।ঙ। তপশীল বর্ণিত লট । ডি । উক্ত সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ত্ব, স্বামিত্ব লভ্য সংশ্রব হক হকিয়ৎ দাবী দাওয়া ছিল তাহা অদ্য তারিখ হইতে বিলোপ সাধন হইল । এবং ৪র্থ পক্ষ অর্থাৎ আমাদের মাতা ঠাকুরানী অদ্য তারিখ হইতে ।ঙ। তপশীল বর্ণিত সম্পত্তিতে তাহার জীবিত কালতক জীবন স্বত্ত্ব স্বরূপে ষোল আনা নির্ব্যূঢ় স্বত্ত্বে মালিক দখলিকার হইয়া বসবাস করিবেন এবং উক্ত গৃহাদি সংস্কার, সংরক্ষণ , পরিবর্ত্তন পরিবর্দ্ধন করিবার জন্য ১ম , ২য় , ৩য় পক্ষগন আমরা সম্পূর্ন রূপে আমাদের দায়িত্বে রহিল এবং মাতার ভরণ পোষণের দায়িত্ব রহিল এবং মাতার প্রাপ্য অংশ অনুযায়ী জীবন স্বত্ত্ব স্বরূপে মিউনিসিপ্যালিটিতে তাহার নাম পত্তন পূর্ব্বক তাহার নামে অংশ অনুযায়ী ট্যাক্সাদি প্রদান করিবেন ।

আরও প্রকাশ রহিল যে , আমাদের মাতা ঠাকুরানী শ্রীমতী মহামায়া কুণ্ডুর অবর্ত্তমানে ।ঙ। তপশীল বর্ণিত তাহার নির্দ্ধারিত একতলে একটি ঘর ২য়পক্ষ এবং দ্বিতলের নির্দিষ্ট একটি ঘর ৩য় পক্ষ সম্পূর্ন রূপে প্রাপ্ত হইবে । তাহাতে অন্যান্য পক্ষ কেহ কোনও প্রকার দাবী দাওয়া করিতে পারিবে না, করিলে তাহা সর্বদা সর্ব্ব আদালতে বাতিল হইবে ।

Dilip Kumar Kundu
Pradip Kumar Kundu
Biswajit Kumar Kundu
Rani Tapadar,

আরও প্রকাশ রহিল যে ।ক। তপশীল বর্ণিত সম্পত্তির উপর নির্মিত গৃহাদির বহিরাংশের দেওয়াল কমন স্বরূপে থাকিবে এবং স্যানিটারি চেম্বার ,সিঁড়ি জলের ট্যাঙ্ক জলের পাম্প মেসিন এবং বাড়ীর চারিদিকে কমন স্পেস কমন জায়গা, যাতায়াতের জন্য পশ্চিম দিকস্থ বাগমন নিগমের জায়গা কমন স্বরূপে থাকিবে এবং দক্ষিন দিকস্থ যাতায়াতের জন্য আগমন নিগমনের উদ্দেশ্যে ২য় পক্ষ একাইক ব্যবহার করিবে এবং ইলেকট্রীক মিটার যতদিন না পর্য্যন্ত পক্ষগনের নিজ নিজ নামে হইতেছে ততদিন পর্য্যন্ত কমন স্বরূপে থাকিবে এবং কমন জায়গার উপর আলো পয়েন্ট গুলি কমন স্বরূপে থাকিবে এবং বাড়ীর নির্মিত গৃহাদির তলস্থ জমির উপর প্রত্যেকের প্রোপোরসনেট ওনারসিপ থাকিবে এবং বাড়ীর চারিদিকের কমন জায়গাগুলির জমি ও কমন স্বরূপে মালিকানা থাকিবে এবং পক্ষগন প্রত্যেকে তাহাদের অংশ অনুযায়ী খরচ খরচা দিয়া সমান ভাবে সংস্কার সংরক্ষ, পরিবর্তন পরিবর্দ্ধন করিবে এবং পক্ষগনের পুত্র, পৌত্রাদি ওয়ারিশান স্থলাভিষিক্তগন ক্রমে এই সর্তগুলি মান্য করিতে বাধ্য থাকিবে । বাড়ীর চারিদিকে কমন প্যাসেজ চিরকাল ওপেন টু দি স্কাই থাকিবে। কেহ কোন প্রকারে ব্লক করিতে পারিবে না । করিলেও তাহা সর্ববদা সর্বাদালতে বাতিল ও নামঞ্জুর হইবে ।

আরও প্রকাশ রহিলযে প্রথমপক্ষ তাহার প্রাপ্য সম্পত্তিতে ব্যাঙ্ক হইতে ঋণ লইয়া গৃহাদি নির্মানের পর যে ছাদ হইবে বা থাকিব অর্থাৎ ত্রিতলের ছাদ প্রথমপক্ষ ও দ্বিতীয়পক্ষ ও তৃতীয়পক্ষ সমান অংশে মালিক দখলিকার হইবে এবং উক্ত ছাদ বাড়ীর নানা রকম উৎসবে ব্যবহৃত হইবে এবং উক্তছাদ প্রত্যেক পক্ষের সমান খরচায় রক্ষা বেক্ষণ হইবে ।

আরও --

আরও প্রকাশ রহিল যে, মূল খরিদা দলিল খানি ১ম পক্ষের নিকট থাকিবে এবং অন্যান্য কাগজ পত্রাদিও ১ম পক্ষের নিকট থাকিবে, মূল পার্টিশান দলিল খানি ১ম পক্ষের ব্যাঙ্ক হইতে ঋণ লইবার সুবিধার জন্য তাহার নিকট থাকিবে এবং অন্য ২য়, ৩য় এবং ৪র্থ পক্ষগনের জন্য রেজেস্ট্রীকৃত ডুপ্লিকেট দলিল গুলি নির্দ্দিষ্ট রহিল। যদি কখনও কোন প্রকারে অরিজিনাল দলিলের আবশ্যক হয় তাহাহইলে১মপক্ষ আবশ্যকীয়পক্ষগনের খরচায় যথাযথ স্থানে দর্শাইতে বাধ্য রহিলেন।

এতদর্থে সুস্থ শরীরে সরলান্তঃকরণে অন্যের বিনানুরোধে সম্যক বিষয়বুদ্ধি জ্ঞানে দলিলের সমূহ মর্ম পঠ করিয়া সম্যক অবগত হইয়া পক্ষগন আমাদের দানপত্র দলিলের মূল্য ৩০,০০০্ ত্রিশ হাজার টাকা এবং পার্টিশান দলিল এর মূল্য ৯০,০০০্ নববই হাজার টাকা এবং বন্দোবস্ত পত্রের মূল্য ৫০০০্ পাঁচ হাজার টাকা ধার্য্য করিয়া পক্ষগন আমরা এই দলিলে সহি সম্পাদন করিয়া রেজেস্ট্রী করিয়া লইলাম এবং দানপত্র গ্রহিতা পক্ষগন দানপত্র গ্রহন স্বীকারে এই দলিলে স্বাক্ষর করিলেন। ইতি তাং ইংরাজী সন ১৯৯৩ সালের ৭ই সেপ্টেম্বর মোতাবেক বাংলা সন ১৪০০ সালের ২০শে ভাদ্র।

।ক। তপশীল বর্ণিত সম্পত্তির পরিচয়।

জেলা ২৪ পরগনা, বর্ত্তমানে উত্তর ২৪ পরগনা, থানা সাবেক রাজার হাট পরে দমদম হাল লেকটাউন সাবেক সাবরেজেস্ট্রী অফিস কাশীপুর দমদম হাল এ, ডি, এস, আর বিধান নগর সল্টলেক সিটি

Dilip Kumar Kundu
Pradip Kumar Kundu
Bidyut Kumar Kundu
Rani Tapadar

সিটি এলাকাধীন সাউথ দমদম মিউনিসিপ্যালিটির অন্তর্গত মিউনিসিপ্যাল হোলডিং নং ৬১৩ , দমদম পার্ক ভুক্ত সাবেক মৌজা কৃষ্ণপুর হাল শ্যামনগর জে এল নং ১৭, সি, এস, দাগ নং ২৩৯২ অন্তর্গত প্লট নং ৫৬৮ ভুক্ত নিষ্কর কমবেশী ৴৩ তিনকাঠা বাস্তু জমি সায় তদুপরিস্থিত দ্বিতল গৃহাদি এবং গৃহাদির উপরিস্থিত দ্বিতলের উপরের ছাদ, সাজ সরঞ্জামাদি এবং উত্তর দক্ষিণে পশ্চিম দিকস্থ মিউনিসিপ্যাল রাস্তার উপর দিয়া যাতায়াত করিবার জন্য আলো বাতাস পাইবার জলের কলের পাইপ লইবার জল নিকাশনের ড্রেণ টানিবার, ইলেকট্রীক লাইটের তার লইবার গ্যাসের পাইপ লইবার যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি দরবস্তু হক হকুক সম্পত্তি । ইহার

চৌহদ্দি ঃ-

| | | |
|---|---|---|
| উত্তর --- | । | মিউনিসিপ্যাল রাস্তা । |
| দক্ষিণ --- | । | |
| পশ্চিম --- | । | |
| পূর্ব্ব --- | | প্লট নং ৫৬৯ । |

১। দানপত্রের মূল্য ৩০,০০০্ ও

২। পার্টিশান বাবদ ৯০,০০০্ টাকা

৩। বন্দোবস্ত পত্র ৫০০০্ টাকা ।

।ঘ। তপশীল বর্ণিত খাট ।সি। ভুক্ত সম্পত্তি
যাহা প্রথমপক্ষ শ্রী দিলীপ কুমার কুণ্ডুর অংশে নির্দিষ্ট
নির্দ্ধারিত পতিত হইল ।

।ক। তপশীল বর্ণিত যোল আনা সম্পত্তির মধ্যে -

জেলা উত্তর ২৪ পরগনা, থানা লেকটাউন, এ, ডি, এস, আর, বিধাননগর। সল্টলেক সিটি। সাউথ দমদম মিউনিসিপ্যালিটির এলাকাধীন ৬১৩ নং দমদম পার্ক হোলডিং ভুক্ত মৌজা সাবেক কৃষ্ণপুর হাল শ্যামনগর জে এল নং ১৭, সি, এস দাগ নং ২৩৯২ ভুক্ত নিষ্কর কমবেশী ৵৩ তিনকাঠা বাস্তু জমি সায় তদুপরিস্থিত দ্বিতল ইমারতাদি সাজ সরঞ্জামাদি এবং দ্বিতলের উপরের ছাদ এবং উত্তর দক্ষিন পশ্চিম দিকস্থ রাস্তার উপর যাবতীয় ইজমেন্ট স্বত্বাদির মধ্যে নির্মিত গৃহাদির বর্হিভাগের দেওয়াল কমন প্যাসেজ, কমন জায়গা, সিড়ি, কমন আগমন নির্গমনের জায়গা, স্যানিটারি চেম্বার জলের কল, ইলেকট্রীক মিটার এবং জমির উপর প্রোপোরসনেট ওনারশিপ রাইট সহ দ্বিতলের উপরে লট। সি। ভুক্ত কমবেশী ১১৫৮ স্কোয়ার ফুট ছাদ যাহা অত্র সহ দাখিলী নক্সায় লাল রংএর বর্ডার দ্বারা সীমাবদ্ধ চিহ্নিত এবং প্রদর্শিত রহিল।

মূল্য ১৫০০০, পনের হাজার টাকা মাত্র।

।খ। তপশীল বর্ণিত লট ।এ। ভুক্ত সম্পত্তি
যাহা শ্রী প্রদীপ কুমার কুণ্ডুর অংশে পতিত, নির্দিষ্ট
এবং নির্দ্ধারিত হইল।

---

।ক। তপশীল বর্ণিত যোথ আমার সম্পত্তির মধ্যে –

জেলা উত্তর ২৪ পরগনা, থানা লেকটাউন এ, ডি, এস, আর বিধাননগর। সল্টলেকসিটি। সাউথ দমদম মিউনিসিপ্যালিটির ৬১৩ নং দমদম পার্ক হোলডিং ভুক্ত মৌজা সাবেক কৃষ্ণপুর হাল শ্যামনগর, সি, এস নং ২৩৯২ ভুক্ত নিষ্কর কমবেশী ৵৩ তিনকাঠা বাস্তু জমি সায় তদুপরিস্থিত

তদুপরিস্থিত দ্বিতল ইমারতাদি, সাজ সরঞ্জামাদি এবং উত্তর দক্ষিণ পশ্চিম দিকস্থ রাস্তার উপর দিয়া যাতায়াত করিবার জল, আলো, বাতাস পাইবার যাবতীয় ইজমেন্ট স্বত্বাদির মধ্যে নির্মিত বাড়ীর সম্পূর্ণ একতলের ঘরাদি সাজ সরঞ্জামাদি স্যানিটারি পায়খানা জলের কল, বাথরুম রান্না ঘর ইলেকট্রীক লাইট ইত্যাদিসহ গৃহাদি বর্হিভাগের দেওয়াল কমন প্যাসেজ, কমন জায়গা, সিড়ি কমন আগমন নিগমনের জায়গা স্যানিটারি চেম্বার জলের কলের কানেকসান ইলেকট্রীক মিটার দক্ষিণ দিকস্থ আগমন নিগমনের দরজা এবং জমির উপর প্রোপোরসনেট ওনারসিপ রাইট যাহা অত্র সহ দাখিলী নক্সায় সবুজ রং বর্ডার দ্বারা সীমাবদ্ধ চিহ্নিত এবং প্রদর্শিত রহিল।

মূল্য ৩৫,০০০ পঁয়ত্রিশ হাজার টাকামাত্র।

।গ। তপশীল বর্ণিত লট ।বি। ভুক্ত সম্পত্তি
যাহা শ্রী বিদ্যুৎ কুমার কুণ্ডুর অংশে পতিত নির্দ্দিষ্ট
এবং নির্দ্ধারিত হইল।

।ক। তপশীল ভুক্ত ষোল আনা সম্পত্তির মধ্যে –

জেলা উত্তর ২৪ পরগনা, থানা লেকটাউন, এ, ডি, এস, আর, । সল্টলেক সিটি । সাউথ দমদম মিউনিসিপ্যালিটির ৩।১৩ নং দমদম পার্ক হোলডিং ভুক্ত মৌজা সাবেক কৃষ্ণপুর হাল শ্যামনগর, জে এল নং ১৭, সি, এস, দাগ নং ২৩৯২ ভুক্ত নিষ্কর কমবেশী ৩ তিনকাঠা বাস্তু জমি আর তদুপরিস্থিত দ্বিতল ইমারতাদি সাজ সরঞ্জামাদি এবং উত্তর, দক্ষিন পশ্চিম

পশ্চিম দিকস্থ রাস্তার উপর দিয়া যাতায়াত করিবার, জল, আলো, বাতাস পাইবার যাবতীয় ইজমেন্ট স্বত্বাদির মধ্যে নির্মিত বাড়ীর সম্পূর্ণ দ্বিতলের ঘরাদি, সাজ, সরঞ্জামাদি, স্যানিটারি পায়খানা, জলের কল, বাথরুম রান্না ঘর ইলেকট্রীক লাইট ইত্যাদি সহ গৃহাদির বর্হিভাগের দেওয়াল কমন প্যাসেজ, কমন দেওয়াল, কমন জায়গা সিড়ি কমন আগমন নির্গমনের জায়গা স্যানিটারি চেম্বার, জলের কল, ইলেকট্রীক মিটার এবং জমির উপর প্রোপোরসনেট ওনারসিপ রাইট যাহা অত্র সহ দাখিলী নক্সায় গেরুয়া রংএর বর্ডার দ্বারা সীমাবদ্ধ চিহ্নিত এবং সীমাবদ্ধ রহিল ।

মূল্য ৩৫,০০০৲ পঁয়ত্রিশ হাজার টাকা মাত্র ।

।ঙ। তপশীল ভুক্ত লট ।ডি। ভুক্ত জীবন স্বত্ব সম্পত্তি যাহা চতুর্থপক্ষ শ্রীমতী মহামায়া কুণ্ডুর অংশে নির্দ্দিষ্ট , নির্দ্ধারিত এবং পতিত হইল ।

---

।ক। তপশীল ভুক্ত ষোল আনা সম্পত্তির মধ্যে–

জেলা উত্তর ২৪ পরগনা, থানা লেকটাউন এ, ডি, এস, আর বিধাননগর । সল্টলেক সিটি । সাউথ দমদম মিউনিসিপ্যালিটির ৬১৩ নং দমদম পার্ক হোলডিং ভুক্ত মৌজা সাবেক কৃষ্ণপুর হাল শ্যামনগর, জে এল নং ১৭, সি, এস দাগ নং ২৩৯২ ভুক্ত নিষ্কর কমবেশী ৩ তিন কাঠা বাস্তু জমি মায় তদুপরিস্থিত নির্মিত গৃহাদির সাজ সরঞ্জামাদি এবং

২০

Dilip Kumar Kundu
Pradip Kumar Kundu
Biswajit Kumar Kundu
Rani Tapadar

এবং উত্তর দক্ষিন পশ্চিম দিকস্থ রাস্তার উপর দিয়া যাতায়াত করিবার জল, আলো, বাতাস পাইবার যাবতীয় ইজমেন্ট অধিকার স্বত্বাদির মধ্যে জীবন স্বত্ব সুরূপে দ্বিতলে একটি ঘর এবং একতলে একটি ঘর ভোগ দখল করিবে এবং কমন বাথরুম পায়খানা জলের কল ব্যবহার করিবে এবং অন্যান্য যাবতীয় কমন স্বত্ব গুলি ব্যবহার করিবে যাহা অত্র সহ দাখিলী নক্সায় নিল রং বর্ডার দ্বারা সীমাবদ্ধ চিহ্নিত এবং নির্দ্দিষ্ট রহিল।

মূল্য ৫০০০/- পাঁচ হাজার টাকামাত্র।

(চ) তপশীল ভুক্ত সম্পত্তি যাহা প্রত্যেক পক্ষ
কমন সুরূপে ব্যবহার করিবে।

১। জমির উপর প্রোপোরসনেট অনারসিপ রাইট থাকিবে।

২। নির্মিত গৃহাদির বহির্ভাগের দেওয়াল কমন সুরূপে থাকিবে এবং প্রত্যেক পক্ষের সমান খরচায় সংস্কার, সংরক্ষিত নির্মিত হইবে।

৩। নির্মিত গৃহাদির মেইন বিম, কলম ও দেওয়াল প্রত্যেক পক্ষের কমন সুরূপে থাকিবে।

৪। নির্মিত গৃহাদির উভয় দিকের প্যাসেজ কমন প্যাসেজ সুরূপে থাকিবে।

৫। স্যানিটারি চেম্বার জলের পাম্প মেশিন জলের রিজার্ভার

Dilip Kumar Kundu
Pradip Kumar Kundu
Biswajit Kumar Kundu
Rani Tapadar.

বিজারভার মাটির নিচে ও ছাদে কমন স্বরূপে থাকিবে ।

৬। নির্ম্মিত গৃহাদি সিঁড়ি প্রত্যেক পক্ষের কমন সিঁড়ি স্বরূপে থাকিবে এবং সব পক্ষের সমান খরচায় সংস্কার ও সংরক্ষণ হইবে।

৭। ইলেকট্রীক লাইটের লাইন কমন স্বরূপে থাকিবে এবং সব পক্ষ যতক্ষন না পর্য্যন্ত আলাদা মিটার হয় ততদিন পর্য্যন্ত সমান অংশে মিটার খরচা দিতে বাধ্য থাকিবে ।

৮। মিউনিসিপ্যাল ট্যাক্স প্রত্যেক পক্ষ সমান অংশে প্রদান করিবে যতদিননা পর্য্যন্ত প্রত্যেক পক্ষ আলাদা করিয়া ট্যাক্স করাইয়া লইতে পারে ততদিন পর্য্যন্ত অংশ অনুযায়ী ট্যাক্স প্রদান করিতে বাধ্য থাকিবে ।

৯। প্রত্যেক পক্ষ নির্ম্মিত গৃহাদি সংস্কার সংরক্ষন পরিবর্দ্ধন পরিবর্ত্তন করিবার জন্য এবং কমন জায়গাগুলি তদারকি ও সংস্কার করিবার জন্যএকটি জয়েন্ট ফাণ্ড তৈয়ারী করিতে বাধ্য — থাকিবে ।

তপশীল সম্পত্তির মূল্যের পরিচয় ।

১। দানকৃত সম্পত্তির মূল্য ৩০,০০০টাকা

২। পার্টিশানকৃত সম্পত্তির । ক। তপশীল বর্ণিত সম্পত্তির মূল্য ৯০,০০০_ টাকা ।

৩। বন্দোবস্ত পত্রকৃত সম্পত্তির মূল্য ৫০০০ _ টাকা ।

২২

Dilip Kumar Kundu
Pradip Kumar Kundu
Bidyut Kumar Kundu
Rani Tapadar.

## রেজেস্ট্রীকৃত সম্পত্তির স্ট্যাম্পের পরিচয় ।

| | | |
|---|---|---|
| ১। | ৩০,০০০ টাকা মূল্যের দানপত্র দলিলের দেয় স্ট্যাম্প মূল্য | ৩৪২০ টাকা |
| ২। | ৯০,০০০ টাকা মূল্যের ।কা। তপশীল বর্ণিত সম্পত্তির মধ্যে একটি অংশ ৩৫,০০০ টাকা বাদে বাকী ৫৫,০০০ টাকার উপর স্ট্যাম্প — — — — — — — | ২২২০ ,, |
| ৩। | ৫০০০ টাকা বন্দোবস্ত কৃত দলিলের স্ট্যাম্প — — — | ২০০ ,, |

১মপক্ষ, ২য় পক্ষ ও ৩য় পক্ষ দানপত্র গ্রহিতাগন আমরা দানপত্র দাত্রীগনের দান সানন্দে গ্রহন করিয়া এই দলিলে স্বাক্ষর করিলাম ।

Dilip Kumar Kundu
Pradip Kumar Kundu
Bidyut Kumar Kundu.

Dilip Kumar Kundu
Pradip Kumar Kundu
Bidyut Kumar Kundu
Rani Tapadar.

[illegible]

শ্রীমতী [illegible]

সাক্ষী —

১) Arun Mukherjee.
65 Drum Drum Park
Calcutta - 55

Narayan Chandra Tapadar.
490/11, Shyam Nagar Road,
Calcutta - 700055.

Rabindra Nath Maity
Sealdah civil court

মুসাবিদাকারক
Rabindra Nath Maity
এ্যাডভোকেট
শিয়ালদহ সিভিল কোর্ট
কলিকাতা -১৪।

টাইপকারক
শিয়ালদহ সিভিল কোর্ট
কলিকাতা ১৪ ।

Additional District Sub-Registrar
Bidhannagar (Saltlake) Gov.